

Total Pages-03

RNLKWC/B.A./CBCS/IIIS/BENG/H/CC7/21

2021

BENGALI

[HONOURS]

(CBCS)

(B.A. Third Semester End Examination-2021)

PAPER-CC7

Full Marks:60

Time: 03 Hrs

*The figures in the right hand margin indicate marks
Candidates are required to give their answers in their own words as far as
practicable*

Illustrate the answers wherever necessary

বিভাগ - ক

যে কোন দশটি প্রশ্নের উত্তর দাও :-

১০ x ২= ২০

- ১। 'লোকহিত'- প্রবন্ধটি রবীন্দ্রনাথের কোন গ্রন্থের প্রবন্ধ? এটি প্রথম কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়?
- ২। সোস্যালিজম, এনাকিজম, নাইহিলিজম - এই তিনটি শব্দের অর্থ কি?
- ৩। বুদ্ধদেব বসু 'স্বভাব কবি' বলতে কি বুঝিয়েছেন?
- ৪। 'রবীন্দ্রনাথ ও উত্তর সাধক' প্রবন্ধটি কত সালে রচিত? এটি প্রথম তাঁর কোন গ্রন্থের অন্তর্ভুক্ত হয়?
- ৫। 'পরিচয়' ও 'কবিতা' পত্রিকার সম্পাদক কারা ছিলেন? পত্রিকা দুটির প্রকাশ কাল উল্লেখ করো।
- ৬। বঙ্গীয় গীতিকাব্য লেখকদের কয়টি দলে বিভক্ত করা যায় ও কি কি?

(2)

- ৭। প্রতিভাশালীর অনুকরণেও দুটি মহৎ দোষ দেখা যায়- সেগুলি কি কি ?
- ৮। “গীতের পারিপাট্য জন্য আবশ্যিক দুইটি।” - এই দুইটি কী কী ?
- ৯। “সকলই নিয়মের ফল। সাহিত্যও নিয়মের ফল।” কোন প্রবন্ধে এবং কোন প্রসঙ্গে এমন উক্তি ?
- ১০। দূরীকৃতাঃ খলু গুণৈরুদ্যানলতা বনলতাভিঃ। - কোন প্রবন্ধে, কে, কার সম্পর্কে এমন উক্তি করেছে ?
- ১১। “আমরা উভয়ে একই যুক্তি প্রায় একই ভাষায় প্রকাশ করেছি।” - উভয় বলতে কাদের বোঝানো হয়েছে ?
- ১২। “মাতৃভাষার উপর এরূপ অত্যাচারের বিরোধী।” - মাতৃভাষার উপর কোন অত্যাচারের কথা বলা হয়েছে ?
- ১৩। ‘আমি একজন উদাসীন গ্রন্থকীট।’ কে, কার সম্পর্কে বলেছেন ?
- ১৪। “এ আশা সম্ভবত দুরাশা।” - কোন আশার কথা এখানে উল্লেখ করা হয়েছে ?
- ১৫। অন্নদাশঙ্কর রায়ের দুটি গদ্য গ্রন্থের নাম প্রকাশকাল সহ লেখো।

বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও:-

৪ x ৫ = ২০

- ১৬। “স্বার্থই স্বার্থত্যাগের প্রধান শিক্ষক।” - কথাটির উৎস ও প্রাসঙ্গিক তাৎপর্য ব্যাখ্যা করো।
- ১৭। “সে শক্তির আধার প্রজাপুঞ্জ।” - প্রাসঙ্গিক তাৎপর্য ব্যাখ্যা করো।
- ১৮। রবীন্দ্রানুসারী কবিদের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(3)

- ১৯। “অনুকরণ মাত্র কি দৃশ্য। তাহা কদাচ হইতে পারে না।” - এ বিষয়ে বঙ্কিমচন্দ্রের ব্যাখ্যা দৃষ্টান্তসহ তুলে ধরো।
- ২০। কাব্যকে প্রধান কয়টি শ্রেণীতে বিভক্ত করা যায় ও কি কি। গীতিকাব্য কোন শ্রেণী ভুক্ত ? গীতিকাব্য কাকে বলে,- পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।
- ২১। প্রাচীন ভারতবর্ষের নাগরিক সভ্যতার যে পরিচয় বইপড়া প্রবন্ধে দেওয়া হয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২২। “তাদের হাতে সংস্কৃত শব্দের প্রয়োগ মিষ্ট প্রয়োগ না হলেও দুষ্ট প্রয়োগ নয়।” - প্রাসঙ্গিক ব্যাখ্যা করো।

বিভাগ - গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও:-

১০ x ২ = ২০

- ২৩। বুদ্ধদেব বসু তাঁর রবীন্দ্রনাথ ও উত্তরসাধক প্রবন্ধে সত্যেন্দ্রনাথ দত্তের কবি প্রতিভা ও তাঁর ঐতিহাসিক ভূমিকা সম্পর্কে যে মূল্যায়ন করেছেন, তা তুলে ধরো।
- ২৪। “প্রকৃতপক্ষে রবীন্দ্রনাথের শেষকীর্তি তাঁর জীবন।” অন্নদাশঙ্করের ‘জীবন শিল্পী রবীন্দ্রনাথ’ প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিচার করো।
- ২৫। “শকুন্তলা অর্ধেক মিরন্দা, অর্ধেক দেসদিমোনা।” - মন্তব্যটি বিশ্লেষণ করো।
- ২৬। “সাধুভাষা বনাম চলিত ভাষা” প্রবন্ধে প্রমথ চৌধুরী চলিত ভাষার সপক্ষে যে যুক্তিগুলি দিয়েছেন- তা আলোচনা করো।